**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মহিলা বিষয়ক অধিদপ্তর**
**নিয়ামতপুর, নওগাঁ**
www.dwa.niamatpur.naogaon.gov.bd

# সিটিজেন চার্টার

**ভিশন ও মিশন**

**ভিশন :** জেন্ডার সমতা আনয়নে নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন।

**মিশন :** নারীর অধিকার প্রতিষ্ঠা এবং সকল ক্ষেত্রে অংশগ্রহণ নিশ্চিত করার মাধ্যমে ক্ষমতায়ন ও উন্নয়ন।

**সেবা প্রদান ও প্রস্তুতি**
**নাগরিক সেবা :**

নারী উন্নয়ন ও জেন্ডার সমতা আনায়নে মহিলা বিষয়ক অধিদপ্তর রুপকল্প ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল (SDG) এবং সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে নারী উন্নয়নে বিভিন্ন রাজস্ব ও উন্নয়ন কার্যক্রম ও কর্মসূচি গ্রহণ এবং বাস্তবায়ন করছে। মহিলা বিষয়ক অধিদপ্তর, নিয়ামতপুর, নওগাঁ থেকে প্রদেয় সেবা ও কর্মসূচি সমূহের বিবরণ:

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজ পত্র প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদান সময় সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নং এবং ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। | দরিদ্র ও দুঃস্থ মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য সেলাই মেশিন বিতরণ | প্রশাসনিক মন্ত্রণালয়ের জিও প্রাপ্তির পর প্রধান কার্যালয় ও জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের মাধ্যমে বিতরণ করা হয়। | প্রশাসনিক মন্ত্রণালয় | জিওর নির্ধারিত শর্ত মোতাবেক প্রয়োজনীয় কাগজ পত্র সরবরাহের পর সেলাই মেশিন বিতরণ করা হয়। | জিও জারীর তারিখ হতে পরবর্তী ৩ (তিন) মাস পর্যন্ত। | নিলুফার ইয়াসমিন<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>ফোনঃ ০২৫৮৮৮৮৬৮৭৫<br>ই-মেইলঃ<br>uwaoniamotpur@gmail.com |
| ২। | দু:স্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচি | ভিজিডি কর্মসূচির আওতায় প্রতি দুই বৎসর বা ২৪ মাস মেয়াদী ভিজিডি চক্রে নিয়ামতপুর উপজেলায় নির্বাচিত অতিদরিদ্র মহিলাদেরকে খাদ্য সহায়তার পাশাপাশি নির্বাচিত এনজিও’র মাধ্যমে জীবনদক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ এবং টেকসই আয়বর্ধক কর্মকান্ডের প্রশিক্ষণ সেবা প্রদান করা হয়।<br><br>ইউনিয়ন ভিজিডি বাছাই কমিটি ও উপজেলা ভিজিডি কমিটির মাধ্যমে দেশের দরিদ্র চিহ্নিতকরণ ম্যাপ (VAM) অনুযায়ী অতিদরিদ্র মহিলাদের ভিজিডি কর্মসূচিতে অন্তর্ভূক্ত করা হয়।<br><br>উপজেলা পর্যায়ে ভিজিডি কর্মসূচির সার্বিক বাস্তবায়ন ও ব্যবস্থাপনা উপজেলা নির্বাহী অফিসারের তত্বাবধানে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার মাধ্যমে পরিচালিত হয়। ভিজিডি উপকারভোগী বাছাই/নির্বাচন নীতিমালা ও অন্যান্য প্রক্রিয়া অনুসরণে প্রত্যেক উপজেলায় উপকারভোগী ভিজিডি মহিলা বাছাই/ নির্বাচন করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কার্যালয়। মহিলা বিষয়ক অধিদপ্তর, সদর কার্যালয়, ঢাকা। | বাছাই/নির্বাচনের পর উপকারভোগী মহিলাদের বিনামূল্যে প্রতি মাসে ৩০ কেজি করে চাল/গম প্রদান করা হয়। | ২৪ মাস | |

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজ পত্র প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদান সময় সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নং এবং ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৩। | দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচি | ▪ দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচির আওতায় প্রতি ৩ বছর বা ৩৬ মাস মেয়াদী চক্রে সকল উপজেলায় নির্বাচিত দরিদ্র গর্ভবতী মহিলাদের ভাতা প্রদান করা হয়। ভাতাভোগী মহিলাদের শিশু ও মাতৃ মৃত্যু হার কমানোসহ উন্নত পুষ্টিকর খাদ্য গ্রহণ ও জীবন যাত্রার মান উন্নয়নের জন্য নির্বাচিত এনজিও/সিবিও'র মাধ্যমে জীবন দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়।<br>▪ প্রধান কার্যালয় হতে ইউনিয়ন ওয়ারী ভাতাভোগীর বিভাজন প্রস্তুত করে প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে জেলা, উপজেলা কমিটিতে প্রেরণ করা হয়।<br>▪ ইউনিয়ন পর্যায়ে মাতৃত্বকাল ভাতা কমিটি ও উপজেলা মাতৃত্বকাল ভাতা কমিটির মাধ্যমে চূড়ান্তভাবে নির্বাচন করে অতি দরিদ্র গর্ভবতী মহিলাদের ভাতা প্রদানের জন্য অর্ন্তভূক্ত করা হয়।<br>▪ মাসিক ৮০০/-টাকা হারে প্রদান করা হয়। | ▪ মাতৃত্বকাল ভাতা শাখা, মহিলা বিষয়ক অধিদপ্তর ঢাকা ।<br>▪ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়।<br>▪ ইউনিয়ন পরিষদ কার্যালয় (সকল)।<br>▪ এছাড়া মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েব সাইট থেকে সকল তথ্য পাওয়া যাবে। | বিনা মূল্যে | ৩৬ মাস (অর্থ বছর হিসাবে প্রতি জুলাই মাস থেকে) | |
| ৪। | মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম | বর্তমান নীতিমালা অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয় হতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রাপ্ত বরাদ্দ জেলা ও উপজেলায় প্রেরণ করা হয়। উপজেলায় মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় হতে নির্ধারিত ফরম পূরণ পূর্বক উপকারভোগী নির্বাচন করে জনপ্রতি ৫,০০০/- টাকা থেকে সর্বোচ্চ ১৫,০০০/- টাকা পর্যন্ত ঋণ বিতরণ করা হয়। | ১। আবেদন ফরম<br>২। জন্ম সনদ<br>৩। ৩ কপি পাসপোর্ট সাইজ ছবি<br>৪। ওয়ার্ড কমিশনার কর্তৃক স্থায়ী নাগরিকতার সার্টিফিকেট<br>৫। নন জুডিশিয়াল স্ট্যাম্প<br>প্রাপ্তির স্থান: জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়। | ১। আবেদন ফরম বিনামূল্যে বিতরণ করা হয়।<br>২। তিন কপি ছবি= ১০০ টাকা<br>৩। স্ট্যাম্প =৩০০ টাকা<br>মোট মূল্য= ৪০০ টাকা<br><br>উপকারভোগী কর্তৃক পরিশোধিত। | প্রতি অর্থ বছরের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে উপজেলায় সুবিধাজনক সময়ের মধ্যে সর্বোচ্চ ১ থেকে ৩ মাসের মধ্যে (বন্যা, প্রাকৃতিক দূর্যোগের কারণে ঋণ বিতরণ বিলম্বিত হতে পারে।) | |
| ৫। | ইনকাম জেনারেটিং এক্টিভিটিস (আইজিএ) ট্রেনিং অফ উইমেন এ্যাট উপজেলা লেভেল | মহিলা বিষয়ক অধিদপ্তরের সমগ্র বাংলাদেশে উপজেলা পর্যায়ে মহিলা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের মাধ্যমে দরিদ্র সুবিধাবঞ্চিত (১৬-৪৫) মহিলাদের দক্ষতাবৃদ্ধি ও আত্মনির্ভরশীলকরণ। নিয়ামতপুর উপজেলাতে ফ্যাশন ডিজাইন ও বিউটিফিকেসন ট্রেড চালু আছে। প্রতি ট্রেডে ২৫ জন করে মোট ৫০ জন মহিলাকে প্রশিক্ষণ দেয়া হয়। | আগ্রহী মহিলারা মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েবসাইটে (iga.dwa.gov.bd) বিনামূল্যে online আবেদন করতে পারবেন। আবেদনের ০২ টি ফটোকপি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে জমা প্রদান করবেন। | প্রকল্প হতে জেলা ও উপজেলা ভিত্তিক মহিলারা বিনামূল্যে প্রশিক্ষণ সেবা পেয়ে থাকেন। প্রতি তিন মাস অন্তর ৬০ কর্মদিবসে যাতায়াত খরচ বাবদ ১২০০০ টাকা করে পাবেন। | ০৩ মাস | |

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজ পত্র প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদান সময় সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নং এবং ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৬। | কিশোর-কিশোরী ক্লাব<br>০৮ ইউনিয়নে ০৮ টি ক্লাব | ১১ থেকে ১৮বছরের ৩০জন (২০জন কিশোরী ও ১০জন কিশোর) ক্লাবের সদস্য হিসেবে নির্বাচিত করা। আর্থ সামাজিক দিক থেকে পিছিয়ে থাকা পরিবারের কিশোর কিশোরীদের ক্লাবের সদস্য হওয়ার ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া। পিয়ার লিডারদের জীবন দক্ষতামূলক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সচেতন করা হয়। ক্লাবের সদস্যদের উন্নত নাস্তা সরবরাহ করা হয়। | ইউনিয়ন পরিষদ এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় | বিনামূল্যে | চলমান<br>(সারা বৎসর ব্যাপী) | |
| ৭। | তথ্য অধিকার আইন ২০০৯ | সেবা গ্রহণকারীর সরাসরি আবেদন (ফ্যাক্স, ই-মেইল) এবং বার্ষিক প্রতিবেদন প্রকাশ। | তথ্য প্রদান ইউনিট | ১) লিখিতকোন ডকুমেন্ট সরবরাহের জন্য (ম্যাপ, নকশা, ছবি, কম্পিউটার প্রিন্ট এর ক্ষেত্রে এ-৪ ও এ-৩ মাপের কাগজের প্রতি পৃষ্ঠা ২ টাকা হারে এবং তদূর্ধ্ব সাইজের ক্ষেত্রে প্রকৃত মূল্য<br>২) ডিস্ক, সিডি ইত্যাদিতে তথ্য সরবরাহের ক্ষেত্রে আবেদনকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে বিনা মূল্যে এবং তথ্য সরবরাহকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে প্রকৃত মূল্য<br>৩) কোন আইন বা সরকারী বিধান বা নির্দেশনা অনুযায়ী কাউকে সরবরাহকৃত তথ্যের ক্ষেত্রে - বিনা মূল্যে<br>৪) মূল্যের বিনিময়ে বিক্রয়যোগ্য প্রকাশনার ক ক্ষেত্রে -প্রকাশনার নির্ধারিত মূল্য। | অনুরোধ প্রাপ্তির তারিখ হইতে অনধিক ২০ (বিশ) কার্যদিবস তথ্য প্রদানের সাথে অন্য শাখার সংশ্লিষ্টতা থাকলে ৩০ (ত্রিশ) কার্যদিবস । | |
| ৮। | বিভিন্ন দিবস উদযান | মানববন্ধন , র‌্যালী আলোচনা সভা দিবসের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিযোগীতার আয়োজনের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি | উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় | বিনা মূল্যে | জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ের নির্ধারিত তারিখ | |